

উপজেলা পরিক্রমা কামারখন্দ

॥ মোঃ শরীফুল ইসলাম শরীফ ॥

সিরাজগঞ্জ জেলার নিকটবর্তী উপজেলা কামারখন্দ। ৪টি ইউনিয়ন বিশিষ্ট উপজেলাটির লোকসংখ্যা ৮৫ হাজার ৪শ' ১৪ জন। কামারখন্দ উপজেলার গ্রামের সংখ্যা মাত্র ৯১টি। উপজেলার আয়তন ৩৫.৩৭ বর্গমাইল। অত্র এলাকার জনসাধারণ কৃষি কাজের উপর নির্ভরশীল।

যোগাযোগ

সড়ক ও রেলপথ কামারখন্দ উপজেলার যোগাযোগের মাধ্যম। জেলা সদরের সাথে যোগাযোগের জন্য বাস সার্ভিস ও রেলপথ আছে। এ ছাড়া অন্য কোন স্থানে যেতে জনসাধারণকে পায়ে হেঁটে চলাচল করতে হয়।

অত্র উপজেলায় রিক্সা চলাচলে কোন ব্যবস্থা নেই। উপজেলার পাকা রাস্তার পরিমাণ মাত্র ৩ মাইল। আধাপাকা রাস্তা ১০ মাইল। কঁচা রাস্তা ৫২ মাইল।

কৃষি

কামারখন্দ উপজেলার কৃষি জমির পরিমাণ ১৬,৩৩৮ একর। উপজেলার শতকরা ৯৫ জন লোক কৃষি কাজের উপর নির্ভরশীল। কৃষি কাজের জন্যে গভীর নলকূপ আছে ৯টি, অগভীর নলকূপ ১৮০টি। শক্তি চালিত নলকূপ আছে ১১টি। মৎস্য চাষের জন্যে সরকারী উদ্যোগ নেই। বেসরকারীভাবে ৬টি পুকুরে মাছের চাষ করা হয়। উপজেলায় ২টি জলা ও ১১২টি মজা পুকুর রয়েছে।

শিক্ষা

কামারখন্দ উপজেলায় ১টি

বেসরকারী কলেজ, ৭টি বেসরকারী হাই স্কুল, ২টি মাদ্রাসা ও ৪৯টি সরকারী প্রাথমিক বিদ্যালয় আছে। অত্র এলাকার শিক্ষা প্রতিষ্ঠানগুলো দীর্ঘ দিন বিভিন্ন ধরনের অসুবিধা ভোগ করে আসছে।

চিকিৎসা

উপজেলায় ৩১ শয্যা বিশিষ্ট একটি হাসপাতাল রয়েছে। হাসপাতালে ডাক্তার আছেন ৮ জন। ৫ জন নার্স দায়িত্ব পালন করে থাকে। ডাক্তারগণ ঠিক মত দায়িত্ব পালন না করার ফলে জরুরী রোগীদের সঠিক চিকিৎসা হয় না।

হাসপাতালে রোগী নিয়মিত ভর্তি করা হয়। কিন্তু সৃষ্ট চিকিৎসা হয় না। এ হাসপাতালে এক্স-রে মেশিন নেই। অপারেশন থিয়েটারটি এখনও অসমাপ্ত রয়েছে।

হাটবাজার

কামারখন্দ উপজেলায় বাজার ৬টি ও হাট ১৩টি। ধান, পাট, চাল, গম প্রভৃতি বেচাকেনা হয়। উপজেলার হাটবাজারের অবস্থা খুবই করুণ। সংস্কারের অভাবে হাটবাজারগুলোত অস্বাস্থ্যকর পরিবেশ বিরাজ করছে।

সমবায়

উপজেলায় কেন্দ্রীয় সমবায় সমিতি রয়েছে ৮৭টি। কৃষক সমবায় সমিতি ৮৩টি, মহিলা সমবায় সমিতি ২টি, জেলে সমবায় সমিতি ২টি। এ উপজেলার জনগণের সমবায়ী মনোভাব রয়েছে। কামারখন্দ উপজেলায় সমবায় সমিতি ছাড়াও ৮টি সমাজকল্যাণমূলক সংগঠন আছে।